



Ambassador &  
Permanent Representative

Permanent Mission of Bangladesh  
to the United Nations, New York



১৯ জুলাই ২০২১

## বাণী

ঈদ মোবারক। পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে আমি নিউইয়র্কসহ যুক্তরাষ্ট্রে বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশী ভাই-বোনকে জানাচ্ছি আন্তরিক শুভেচ্ছা।

ঈদ-উল-আযহা আমাদেরকে ত্যাগের মহিমায় উদ্ভাসিত হতে অনুপ্রাণিত করে। আমাদেরকে শান্তি, সহমর্মিতা ও ভ্রাতৃত্ববোধের শিক্ষা দেয়। ঈদ-উল-আযহার মর্মবাণী অন্তরে ধারণ করে আমরা নিজ নিজ অবস্থান থেকে জনকল্যাণমুখী কাজে অংশ নিয়ে বৈষম্যহীন, সুখী, সমৃদ্ধ ও শান্তিপূর্ণ সমাজে বিনির্মাণে অবদান রাখতে পারি। তাই আসুন, এই ঈদে পরস্পরের মধ্যে আনন্দ ও দুঃখ ভাগাভাগি করে আমরা মৈত্রী ও সম্প্রীতির বন্ধনে আবদ্ধ হই।

কোভিড পরিস্থিতির কারণে ইতোপূর্বে আমরা পরিপূর্ণভাবে ঈদ আনন্দ উপভোগ করতে পারিনি। তবে, আশার কথা, নিউইয়র্কে অধিকাংশ নাগরিকের টিকা গ্রহণের ফলে করোনা পরিস্থিতির আশানুরূপ উন্নতি হয়েছে। আমার প্রত্যাশা নিউইয়র্কে বসবাসরত প্রবাসী বাংলাদেশিগণ এবারের ঈদ-উল-আযহা গতবার থেকে আরো অধিক আনন্দ নিয়ে উদযাপন করতে পারবেন। ইতোমধ্যে যে সকল প্রবাসী ভাই-বোন কোভিড-১৯ অতিমারিতে প্রিয়জন হারিয়েছেন, তাঁদের প্রতি আমি গভীর সমবেদনা প্রকাশ করছি এবং তাঁদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি।

পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে আমি মহান আল্লাহর নিকট প্রিয় মাতৃভূমি বাংলাদেশের উন্নতি, সমৃদ্ধি ও কল্যাণ কামনা করছি। আমি আশা করি, যুক্তরাষ্ট্রে প্রবাসী বাংলাদেশী ভাই-বোনেরা পারস্পরিক সম্পর্ক ও সৌভ্রাতৃত্বের বন্ধনকে আরও শক্তিশালী করার মাধ্যমে প্রবাসে বাংলাদেশের ভাবমূর্তি আরও বৃদ্ধি করবেন এবং সমৃদ্ধ ও মর্যাদাপূর্ণ বাংলাদেশ প্রতিষ্ঠায় অবদান রাখবেন। এবারের পবিত্র ঈদ-উল-আযহায় এটাই আমার প্রত্যাশা।

সকলকে আবারও ঈদ-উল-আযহার শুভেচ্ছা।

ঈদ মোবারক

  
(রাবাব ফাতিমা)